গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪।

## প্রজ্ঞাপন

তারিখঃ-২২-০৮-২০১৩ খ্রিঃ

নং-১০.০০.০০০০.১২৮.০১৫.০১.২০১২-৭৯৫।-অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন) এর ধারা ২০ক। এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের অধীন ট্রাইব্যুনাল কর্তৃক ইতিমধ্যে নিষ্পত্তিকৃত মামলার আপীল আবেদনসমূহ নিষ্পত্তির উদ্দেশ্যে তফসিলের ৩নং কলামে বর্ণিত জেলা ও দায়রা জজ, বিভাগীয় স্পেশাল জজ/ স্পেশাল জজ এবং বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-এর সমন্বয়ে ২নং কলামভুক্ত বিভাগসমূহের জন্য ৪নং কলামে বর্ণিত স্থানীয় অধিক্ষেত্র নির্ধারণপূর্বক "অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল" গঠন করিল। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট বিভাগীয় জেলার জেলা ও দায়রা জজ চেয়ারম্যান হিসাবে এবং বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ ও বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সদস্য হিসাবে "অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল"এর দায়িত্ব পালন করিবেন। আরও উল্লেখ্য যে, রায় প্রদানকারী বিচারক উক্ত বিশেষ আপীল ট্রাইব্যুনাল-এর চেয়ারম্যান/সদস্য হিসাবে দায়িত্ব পালন করিবেন না। সেক্ষেত্রে অপর দুইজন সদস্য সমন্বয়ে "অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল" গঠিত হইবে।

## তফসিল

| ক্রমিক নং | বিভাগ | অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল | স্থানীয় অধিক্ষেত্র |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | ঢাকা | ক) জেলা ও দায়রা জজ, ঢাকা।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, ঢাকা<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ঢাকা-১। | ঢাকা বিভাগের সকল জেলা |
| ২। | চট্টগ্রাম | ক) জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম ।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, চট্টগ্রাম<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল চট্টগ্রাম-১। | চট্টগ্রাম বিভাগের সকল জেলা |
| ৩। | খুলনা | ক) জেলা ও দায়রা জজ, খুলনা।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, খুলনা<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল খুলনা। | খুলনা বিভাগের সকল জেলা |
| ৪। | রাজশাহী | ক) জেলা ও দায়রা জজ, রাজশাহী।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, রাজশাহী<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল রাজশাহী-১। | রাজশাহী বিভাগের সকল জেলা |
| ৫। | বরিশাল | ক) জেলা ও দায়রা জজ, বরিশাল ।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, বরিশাল<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল বরিশাল। | বরিশাল বিভাগের সকল জেলা |
| ৬। | সিলেট | ক) জেলা ও দায়রা জজ, সিলেট ।<br>খ) বিভাগীয় স্পেশাল জজ, সিলেট।<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সিলেট। | সিলেট বিভাগের সকল জেলা |

| | | | |
|---|---|---|---|
| ৭। | রংপুর | ক) জেলা ও দায়রা জজ, রংপুর ।<br>খ) স্পেশাল জজ, রংপুর<br>গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল রংপুর। | রংপুর বিভাগের সকল জেলা |

২। ইতিপূর্বে জারীকৃত এস,আর,ও নং-৩৯৬, তারিখঃ ২৭ নভেম্বর, ২০১২ এতদ্বারা বাতিল করা হইল।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে,

২২/৮/১৩

(মিজানুর রহমান খান)
উপ-সচিব(প্রশাসন-১)।

নং-১০.০০.০০০০.১২৮.০১৫.০১.২০১২-৭৯৫/(১-১২) তারিখঃ-২২-০৮-২০১৩ খ্রি

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব, ভুমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট,ঢাকা।
৪। জেলা ও দায়রা জজ,--------------------।
৫। বিভাগীয় স্পেশাল জজ/ স্পেশাল জজ,--------------------।
৭। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল,-------------------।
৮। জেলা প্রশাসক,---------------------।
৯। পুলিশ সুপার,----------------------।
১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। অত্র প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় ছাপাইয়া ৪০০ কপি জরুরী ভিত্তিতে অত্র মন্ত্রণালয়ে সরবরাহ করার জন্য অনুরোধ ক হইল।
১১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
১২। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

(মোহাম্মদ শাহীন উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৭৪১৬।